

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩০৯

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ পানি পাওয়া ব্যক্তি যদি জুনুবী থাকে, তবে তার জন্য আবশ্যক হলো তখনই শরীরে পানি স্পর্শ করানো অর্থাৎ গোসল করা

ذكر البيان بأن واجد الماء إذا الْمَاءِ إِذَا كَانَ جُنُبًا بَعْدَ تَيَمُّمِهِ عَلَيْهِ إِمْسَاسُ الْمَاءِ بَشَرَتَهُ حِينَئِذِ

আরবী

1309 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَلِي الصَّيْرَفِيُّ غُلَامُ طَالُوتَ بْنِ عَبَّادِ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا الْفُضَيْلُ بْنُ الْحُسَيْنِ الْجَحْدَرِيُّ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ: حَدَّثَنَا خَالِدٌ الْحَذَّاءُ عَنْ الْفُضَيْلُ بْنُ الْحُسَيْنِ الْجَحْدَرِيُّ قَالَ: سَمِعْتُ أَبَا ذَرِّ قَالَ: اجْتَمَعَتْ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غَنَمٌ مِنْ غَنَمِ الصَّدَقَةِ فَقَالَ: (ابْدُ يَا أَبَا ذَرِّ قَالَ: فَبَدَوْتُ فِيهَا إِلَى الرَّبْذَةِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غَنَمٌ مِنْ غَنَمِ الصَّدَقَةِ فَقَالَ: (ابْدُ يَا أَبَا ذَرِّ قَالَ: فَكَانَ يَأْتِي عَلَيَّ الخمس والست وأنا جنب وأَنَا جُنُبٌ فَوَجَدْتُ فِي نَفْسِي فَأَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُو مُسْنِدٌ ظَهْرَهُ إِلَى الْحُجْرَةِ فَلَمَّا رَآنِي قَالَ: مَا لَكَ يَا أَبَا ذَرِّ تَكِلَتُكُ أُمُّكَ)؟ قُلْتُ يارسول اللَّهِ جُنُبٌ قَالَ: (مَا لَكَ يَا أَبَا ذَرِّ تَكِلَتُكَ أُمُّكَ)؟ قُلْتُ يارسول اللَّهِ جُنُبٌ قَالَ: (مَا لَكَ يَا أَبَا ذَرِّ تَكِلَتْكَ أُمُّكَ)؟ قُلْتُ يارسول اللَّهِ جُنُبٌ قَالَ: (قَالَ: (قَالَ عَسُرٌ فِيهِ مَاءٌ فَاسْتَتَرْتُ بِالْبَعِيرِ وَبِالتَّوْبِ فَاعْتَسَلْتُ فَكَأَنَّمَا وَضَعَ عَنِي جَبَلًا فَقَالَ: (ادْنُ فَإِنَّ الصَّعِيدَ الطَّيِبَ وَضُوءُ الْمُسْلِمِ وَلَوْ عَشْرَ حِجَجٍ فَإِذَا وَحَد المَاء فَلْيُمِسُ بشرته المَاء)

الراوي: أَبُو ذرِّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1309 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩০৯. আবৃ যার্র রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে সাদাকার কিছু ছাগল জমা হলে তিনি বলেন, "হে আবৃ যার্র, তুমি এগুলি নিয়ে মাঠে যাও।" আবৃ যার্র রাদ্বিয়াল্লাহু



আনহু বলেন, "ফলে আমি সেগুলো নিয়ে রাবাযাহ নামক জায়গায় যাই। অতঃপর আমি সেখানে জুনুবী অবস্থায় ৫/৬ দিন অবস্থান করি, আমার মনে আমি খটকা অনুভব করলাম। ফলে আমি রাসূল সাল্লাল্লাহু ওয়া সাল্লামের কাছে আসি এমন অবস্থায় যে, তিনি হুজরার সাথে পিঠ হেলান দিয়ে বসে ছিলেন। যখন তিনি আমাকে দেখলেন, তখন বললেন, "আবূ যার্র, কী ব্যাপার তোমার?" তিনি বলেন, "অতঃপর আমি সেখানে বসলাম।" তিনি আবার বলেন, "হে আবূ যার্র, কী ব্যাপার তোমার? তোমার মা তোমাকে হারিয়ে ফেলুক (অথবা তোমার মায়ের জন্য দুঃখ)।" আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি জুনুবী হয়ে আছি।"রাবী বলেন, অতঃপর তিনি কালো এক দাসীকে আদেশ করলে, সে এক পাত্র পানি নিয়ে আসলো। অতঃপর আমি কাপড় ও উটনীর মাধ্যমে পর্দা করলাম। তারপর গোসল করলাম। আমার মনে হলো যেন আমার থেকে একটি পাহাড় সরে গেলো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "কাছে আসা, নিশ্চয়ই পবিত্র মাটি মুসলিম ব্যক্তির ওযু, যদিও দশ বছর পর্যন্ত পানি না পাওয়া যায়। অতঃপর যখন তুমি পানি পাবে, তখন তা তোমার শরীরে বুলিয়ে নিবে (অর্থাৎ গোসল করে নিবে)।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ৩৩২; হাকিম: ১/১৭০; সুনান বাইহাকী: ১/২২০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯১৩; মুসনাদ আহমাদ: ৫/১৫৫; তিরমিযী: ১২৪; নাসাঈ: ১/১৭১; দারাকুতনী: ১/১৮৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫৬; আত তায়ালিসী: ৪৮৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৫৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ বাসরা আল গিফারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন